

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৮১৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ নিদর্শনের সালাতের বিবরণ

ذَكَرُ وَصْفِ صَلَاةِ الْآيَاتِ

আরবী

2819 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا زَيْدُ بْنُ أَخْزَمَ حَدَّثَنَا مُعَاذُ بْنُ هِشَامٍ حَدَّثَنِي أَبِي عَنْ قَتَادَةَ عَنْ عَطَاءٍ عَنْ عُبَيْدِ بْنِ عُمَيْرٍ عَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (صَلَاةُ الْآيَاتِ سِتُّ رَكَعَاتٍ وَأَرْبَعُ سَجَدَاتٍ)

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2819 | خلاصة حكم المحدث: شاذ ، والمحفوظ: أربع ركعات وأربع سجعات؛ كما يأتي (2831 و 2834 و 2839) - ((صحيح أبي داود)) (1068 و 1071)، ((جزء الكسوف))، ((الإرواء)) (658).

قَالَ أَبُو حَاتِمٍ: يُرِيدُ بِهِ أَنَّ صَلَاةَ الْآيَاتِ يَجِبُ أَنْ تُصَلَّى رَكْعَتَيْنِ فِي كُلِّ رَكْعَةٍ ثَلَاثُ رُكُوعَاتٍ وَسَجْدَتَانِ وَتَفْسِيرُهُ فِي خَبَرِ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي سَلِيمَانَ عَنْ عَطَاءٍ عَنْ جَابِرٍ.

বাংলা

২৮১৯. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিদর্শনের সালাত (চন্দ্র বা সূর্য গ্রহণের সালাত) ছয় রুকু ও চার সাজদা (বিশিষ্ট)।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “এই হাদীস দ্বারা উদ্দেশ্য হলো নিদর্শনের সালাতের ক্ষেত্রে ওয়াজিব হলো দুই রাকা‘আত সালাত আদায় করা, যেখানে প্রত্যেক রাকা‘আতে তিনটি করে রুকু‘ ও দুইটি করে সাজদা থাকবে। এর ব্যাখ্যা জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে আতা রহিমাল্লাহু সূত্রে আব্দুল মালিক বিন আবী সুলাইমান কর্তৃক বর্ণিত হাদীসে রয়েছে।”

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৯০২; নাসাঈ: ৩/১৩০; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৮২; নাসাঈ আল কুবরার বরাতে আত তুহফাহ: ১১/৪৮৬; নাসাঈ: ৩/১২৯-১৩০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে শায বলেছেন। মাহফূয বা সঠিক হলো চার রুকু' ও চার সাজদার বর্ণনা। (সহীহ আবু দাউদ: ১০৬৮)

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92149>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন